অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/12/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2019 সালের কার্যনির্বাহী বাজেটে তামাক ও ই-সিগারেট বিক্রয়ের বয়স 18 থেকে বাড়িয়ে 21 বছর করার প্রস্তাব অন্তর্ভুক্ত করার ঘোষণা করেন

তামাকজাত ও ই-সিগারেট পণ্য নিয়ন্ত্রণের জন্য গভর্নরের সমন্বিত প্রণীত আইনের অংশবিশেষ

ফার্মেসিতে তামাকজাত ও ইলেকট্রনিক সিগারেট পণ্য বিক্রয় নিষিদ্ধ করা হবে

আইন স্বাস্থ্য বিভাগ (Health Department) কর্তৃপক্ষকে ইলেকট্রনিক সিগারেটের নির্দিষ্ট কিছু স্বাদযুক্ত তরল পদার্থের বিক্রয় নিষিদ্ধ করার কতৃত্বের বিষয়টি স্পষ্টভাবে ব্যাখ্যা করে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ 2019 সালের কার্যনির্বাহী বাজেটে তামাকজাত ও ইলেকট্রনিক পণ্য বিক্রয়ের ন্যূনতম বয়স 18 থেকে বাড়িয়ে 21 বছর করার বিষয়টি উত্থাপনের প্রস্তাব ঘোষণা করেন। এই প্রস্তাবটি তামাকজাত ও ই-সিগারেট পণ্য নিয়ন্ত্রণের সমন্বিত আইনের অংশবিশেষ যেটি এছাড়াও অন্যান্য পদক্ষেপের মধ্যে ফার্মেসিগুলোতে তামাকজাত ও ই-সিগারেট পণ্য বিক্রয় বন্ধ করার আহ্বান করে এবং কিছু স্বাদযুক্ত ই-সিগারেটের তরল পদার্থ বিক্রয় নিষিদ্ধ করার কতৃত্ব স্টেটের স্বাস্থ্য বিভাগ কর্তৃপক্ষের আছে তা স্পষ্টভাবে ব্যাখ্যা করে।

"কিশোর-কিশোরীদের ধূমপান বন্ধ করার জন্য আমরা বেশ বড় পদক্ষেপ নিয়েছি, তবে নতুন পণ্য এই অগ্রগতিকে বিপন্ন করে লক্ষ লক্ষ আমেরিকানদের ক্ষতি করে। নিউ ইয়র্কে, আমরা অলসভাবে সময় কাটাতে সম্মত নই যেখানে বিবেকবুদ্ধিহীন উদ্যোগসমূহ আমাদের তরুণদের লক্ষ্যের শিকার করে এবং তাদের ভবিষ্যৎকে বিপন্ন করে," **গভর্নর কুওমো বলেন।** "এই সমন্বিত প্রস্তাবে, নিউ ইয়র্কবাসী একটি সম্পূর্ণ প্রজন্মের মারাত্মক পরিণতি এড়াতে আমরা এই অত্যন্ত বাস্তব জনস্বাস্থ্য সংকটটির সাথে মোকাবেলা করার জন্য এবং নিকোটিন পণ্যগুলোর ব্যবহার বন্ধ করার জন্য আক্রমনাত্মক পদক্ষেপ গ্রহণ করছি।"

ক্ষতিকর তামাক ও বাষ্পজাত পণ্যের ব্যবহার মোকাবেলা করতে, গভর্নর কুওমো সমন্বিত আইনের প্রস্তাব করবেন যাতে অন্তর্ভুক্ত রয়েছে:

- **তামাকজাত ও ইলেকট্রনিক পণ্য বিক্রয়ের ন্যূনতম বয়স 18 থেকে 21 বছর বয়স অবধি বাড়িয়ে দেওয়া:** অধিকাংশ কম বয়সী তরুণ তামাক ও বাষ্পজাত পণ্য পায় 18 বছরের বেশি বয়সী বন্ধুদের কাছ থেকে যারা বৈধভাবে বিভিন্ন পণ্য ক্রয় করতে পারে। ন্যূনতম বয়স বাড়িয়ে দিলে তরুণদের তামাক ব্যবহার কমবে এবং হাই স্কুল থেকে তামাকের উৎস দূর করবে।
- **ফার্মেসিগুলোতে তামাকজাত ও ইলেকট্রনিক সিগারেট পণ্য বিক্রয় বন্ধ করা:** ফার্মেসিগুলো তামাক বর্জন করার পণ্য ও ফার্মাসিউটিক্যাল পণ্য বিক্রয় করে এবং

ক্রমবর্ধমানভাবে স্বাস্থ্যসেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করে। তাদেরকে এভাবে তামাকজাত পণ্য বিক্রয়ের অনুমতি প্রদান ভুল বার্তা প্রদান করে যে তামাকজাত পণ্যগুলো নিরাপদ। ফার্মেসিগুলোতে তামাক ও ই-সিগারেট পণ্য বিক্রয় বন্ধ করলে তামাকের সহজলভ্যতা, দৃষ্টিগোচরতা ও সামাজিক গ্রহণযোগ্যতা কমে যাবে, বিশেষ করে তরুণদের মধ্যে।

- **প্রদর্শনী সম্পর্কিত বিধিনিষেধ বাস্তবায়িত করে:** নিউ ইয়র্ক শুধু বয়স্কদের জন্য নয় এমন সব খুচরো দোকানে ই-সিগারেট সহ সব তামাকজাত পণ্য ও প্যাকেজিং এর প্রদর্শনী নিষিদ্ধ করবে। এই চর্চা লুণ্ঠনজীবী বিপণন রীতিসমূহে তরুণদের প্রবেশ হ্রাস করবে।
- **স্বাস্থ্য বিভাগ কর্তৃপক্ষের ই-সিগারেটের কিছু স্বাদযুক্ত তরল পদার্থের বিক্রয় নিষিদ্ধ করার কতৃত্ব সম্পর্কে স্পষ্টভাবে ব্যাখ্যা করে:** তরুণদের ধূমপান হ্রাস করতে 2009 সালে FDA কর্তৃক মেন্থল ব্যতীত অন্যান্য স্বাদযুক্ত দাহ্য সিগারেট নিষিদ্ধ করা হয়েছিল কারণ নতুন ধূমপায়ীরা প্রথমদিকে এই পণ্যগুলো খুব বেশি ব্যবহার করছিল। অধিকাংশ ই-সিগারেট ব্যবহারকারী বলেছিল তাদের প্রথম ই-সিগারেট ছিল স্বাদযুক্ত। মিষ্টি অম্ল, টফি ও বাবল গামের মতো স্বাদগুলো ই-সিগারেটকে তরুণদের কাছে আরও আকর্ষণীয় করে তোলে। এই বাজেটে ই-সিগারেট ব্যবহারের ক্ষেত্রে তরুণদের লক্ষ্য করে এমন কিছু স্বাদযুক্ত তরল পদার্থের বিক্রয় নিষিদ্ধ করতে স্বাস্থ্য বিভাগ কর্তৃপক্ষকে কতৃত্ব প্রদান করার জন্য একটি প্রস্তাব অন্তর্ভুক্ত থাকবে।
- **তামাক ও ইলেকট্রনিক সিগারেট প্রস্তুতকারক ও খুচরা বিক্রেতারা যে ছাড় দেন তা সীমিত করা:** দেশের মধ্যে নিউ ইয়র্কে সিগারেটে সর্বোচ্চ কর রয়েছে, তবে প্রস্তুতকারক ও খুচরা বিক্রেতারা মূল্য হ্রাসের জন্য কৌশল চালু করেছে যেমন "একটি কিনলে একটি বিনামূল্যে" ছাড়। এই কৌশলগুলো তরুণ সহ সরাসরি মূল্য সম্বন্ধে সংবেদনশীল গ্রাহকদের লক্ষ্য করে। তামাক ও বাষ্পজাত পণ্যের ছাড় সীমিত করলে তা নিউ ইয়র্কে তামাকের উপর নির্ধারিত করের প্রভাব বৃদ্ধি করবে এবং তামাকের ব্যবহার অনুৎসাহিত করবে।
- **শুধু লাইসেন্সধারী খুচরো বিক্রেতাদের মাধ্যমে ই-সিগারেট বিক্রয় আবশ্যক করা:** বর্তমানে ই-সিগারেট বিক্রয় প্রায় সম্পূর্ণ অনিয়ন্ত্রিত। লাইসেন্সধারী খুচরো বিক্রেতাদের কাছে বিক্রয় সীমিত করলে তা নাবালকরা তামাকজাত পণ্য যাতে না কেনে না নিশ্চিত করতে দেবে বর্তমানে বলবৎকৃত পরিকাঠামোকে।

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট 2012 সালে দেশের সবচেয়ে স্বাস্থ্যকর স্টেটগুলোর মধ্যে 18 তম স্থান থেকে 2017 সালে সবচেয়ে স্বাস্থ্যকর স্টেটগুলোর মধ্যে 10ম স্থানে পৌঁছেছে। 2017 সালে, তামাকের ক্ষতিকর পরোক্ষ ধোঁয়া ও বাষ্পীয় অ্যারোসল থেকে কর্মী ও জনগণকে সুরক্ষিত রাখার জন্য প্রায় সব কর্মক্ষেত্রে ই-সিগারেট ব্যবহার নিষিদ্ধ করতে গভর্নর কুওমো ক্লিন ইনডোর এয়ার অ্যাক্ট (Clean Indoor Air Act) এর প্রসারণ করেছেন।

এই অগ্রগতি সত্ত্বেও, তামাকের ব্যবহার নিউ ইয়র্ক স্টেটে প্রতিরোধযোগ্য মৃত্যুর এক নম্বর কারণ হয়ে আছে। নিউ ইয়র্কবাসীদের প্রায় 28,000 জন প্রাপ্তবয়স্ক মানুষ প্রতি বছর ধূমপানের কারণে মারা যান। তাছাড়া, অল্প বয়সী তরুণদের কিছু ক্রমবর্ধমান সংখ্যা প্রচলিত সিগারেট ও ই-সিগারেট উভয়ই ব্যবহার করেন। 2014 থেকে 2018 সালে তরুণ ই-সিগারেট ব্যবহারকারীর সংখ্যা 10.5 শতাংশ থেকে 27.4 শতাংশে, অর্থাৎ 160 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং অর্ধেকের চেয়েও বেশি কিশোর-কিশোরীরা এই ভুল বিশ্বাস করে যে ই-সিগারেটের ব্যবহার ক্ষতিকর নয়।

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট নিকোটিন আসক্তির মহামারীর বিরুদ্ধে লড়াই করে চলেছে এবং এই গুরুত্বপূর্ণ আইন, বিশেষ করে আমাদের তরুণদের মধ্যে, তামাক পণ্যের ব্যবহার সংশ্লিষ্ট প্রতিকূল স্বাস্থ্যের প্রভাব থেকে নিউ ইয়র্কবাসীদের আরও নিরাপত্তা প্রদান করবে।"

তামাক ব্যবহার এবং প্রতিরোধ সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন